

'এমপিওভুক্ত শিক্ষক' কর্মচারীদের আনন্দ মিছিল

■ সমকাল প্রতিবেদক

বকেয়া আট মাসের বেতনসহ অষ্টম জাতীয় বেতন স্কেলে মূল বেতনের সরকারি অংশ প্রাপ্তিতে আনন্দ মিছিল করেছেন এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীরা। গতকাল শুক্রবার সকালে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট ও বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে আনন্দ মিছিলটি শুরু হয়ে জাতীয় প্রেস ক্লাবের সামনে গিয়ে শেষ হয়। সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বকেয়া বেতন প্রাপ্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ ছাড়াও পেশাগত ঐক্য সুরক্ষা ও শিক্ষাকে দলীয় রাজনীতির উর্ধ্বে রাখতে সরকারের প্রতি আহ্বান জানান তারা। সমাবেশে বক্তব্য রাখেন, শিক্ষক সমিতির সভাপতি মো. আজিল ইসলাম, ভারপ্রাপ্ত মহাসচিব মহসীন রেজা ও অতিরিক্ত মহাসচিব খান মোশাররফ হোসেন প্রমুখ।